গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

স্মারক নম্বর : ১০.০০.০০০০.১২৯.১৮.০১৩.২৩.১৫০১ তারিখ : ১৬ পৌষ ১৪৩১ / ৩১ ডিসেম্বর ২০২৪

# অফিস আদেশ

প্রধান উপদেষ্টার কার্যালয়ের ০৯ ডিসেম্বর ২০২৪ তারিখের পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০৯২.৯৯.০০১.২৪-১২ পরিপত্রের প্রেক্ষিতে বিদেশ ভ্রমণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করার করার জন্য আইন ও বিচার বিভাগের সকল শাখা ও এর অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা প্রধান বরাবর পত্র প্রেরণ করা হলো।

১. সাধারণভাবে বিদেশ ভ্রমণ নিরুৎসাহিত করা হবে।

২. বছরের সম্ভাব্য বিদেশ ভ্রমণের একটা তালিকা জানিয়ে রাখতে হবে।

৩. বিদেশ ভ্রমণের জন্য মন্ত্রণালয়ভিত্তিক Data base তৈরি করতে হবে। প্রধান উপদেষ্টার অফিস কর্তৃক এর কাঠামো তৈরি করে দেবে এবং এর তথ্য সংরক্ষণ করবে।

৪. সকল স্তরের সরকারি কর্মকর্তাগণ একাধারে বিদেশ ভ্রমণ পরিহার করবেন।

৫. মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় উপদেষ্টা ও সচিব একসঙ্গে বিদেশ ভ্রমণ সাধারণভাবে পরিহার করবেন। তবে জাতীয় স্বার্থে অনুরূপ ভ্রমণ একান্ত অপরিহার্য হলে তেমন অপরিহার্যতার বিষয় সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬. মন্ত্রণালয়ের সচিব ও অধীনস্থ অধিদপ্তর বা সংস্থা প্রধানগণ একান্ত অপরিহার্য জাতীয় স্বার্থ ব্যতিরেকে একসঙ্গে বিদেশ ভ্রমণে যাবেন না।

৭. বিদেশে অনুষ্ঠিতব্য সেমিনার/ওয়ার্কশপ ইত্যাদিতে অংশগ্রহণের জন্য মাননীয় উপদেষ্টা ও সচিব পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণের প্রস্তাবের ক্ষেত্রে আমন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন পর্যায়ের কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হয়েছে এবং অপরাপর অংশগ্রহণকারী দেশ থেকে কোন পর্যায়ের কর্মকর্তাগণ তাতে অংশ নিচ্ছেন তেমন তথ্য সন্নিবেশ করবেন।

৮. বিদেশ ভ্রমণের প্রস্তাব পেশকালে উক্ত ভ্রমণের প্রয়োজনীয়তা এবং প্রস্তাবিত কর্মকর্তার ঐ কার্যক্রমে সংশ্লিষ্টতা ও উপযোগিতার বিষয় উল্লেখ থাকতে হবে।

৯. কেনা-কাটা, প্রি-শিপমেন্ট ইন্সপেকশন কিংবা ফ্যাক্টরি অ্যাকসেপ্ট্যান্স টেস্ট ইত্যাদির ক্ষেত্রে কেবলমাত্র সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রেরণের বিষয় বিবেচনা করতে হবে।

১০. সরকারি অর্থে কম প্রয়োজনীয় ভ্রমণ অবশ্যই পরিহার করতে হবে।

১১. সকল স্তরের সরকারি কর্মকর্তাগণ বিদেশে বিনোদন ভ্রমণ পরিহার করবেন।

১২. সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ দীর্ঘমেয়াদি শিক্ষা ছুটিতে যাওয়া পরিহার করবেন।

১৩. বিদেশ ভ্রমণের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে প্রস্তাবিত কর্মকর্তার পূর্ববর্তী এক বছরের বিদেশ ভ্রমণ বৃত্তান্ত সংযুক্ত করতে হবে।

৩১/১২/২৪
(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন : ২২৩৩৫৭৪২০
section5@lawjusticediv.gov.bd

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. যুগ্মসচিব (সকল), আইন ও বিচার বিভাগ।
২. সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ।
৩. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫ নং কলেজ রোড, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
৫. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

৬. জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ ................(সকল) [আপনার জেলা/মহানগরে কর্মরত সকল পর্যায়ের বিচারকগণকে অবহিত করার অনুরোধসহ]।
৭. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলি রোড, ঢাকা।
৮. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ...............(সকল) [আপনার ম্যাজিস্ট্রেসিতে কর্মরত সকল পর্যায়ের ম্যাজিস্ট্রেটকে অবহিত করার অনুরোধসহ]।
৯. মহাপ্রশাসক, সরকারি অছি এবং সরকারি রিসিভার, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ৭৫, নয়া পল্টন, ঢাকা।
১০. মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা (আপনার অধীনস্থ সকল অফিসসমূহকে অবহিত করার অনুরোধসহ)।
১১. উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১২. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৩. রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ নং আব্দুল গনি রোড, ঢাকা।
১৪. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
১৫. প্রশাসনিক কর্মকর্তা, সরকারী রিসিভার ও সরকারী অছির অফিস, ৭৫, নয়া পল্টন, ঢাকা।
১৬. অফিস কপি।

৩১/১২/২৪

(কামরুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)